DEC. 31 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# পাঁচ মেডিক্যাল কলেজে চালু হচ্ছে ৩৫ পোস্ট গ্রাজুয়েট কোর্স

**মোড়ল নজরুল ইসলাম** ॥ পর্যাপ্ত সংখ্যক বিশেষজ্ঞ চিকিৎসক তৈরীর লক্ষ্যে পাঁচটি মেডিক্যাল কলেজে ৩৫টি পোস্ট গ্রাজুয়েট কোর্স চালু হচ্ছে। বর্তমানে ঢাকা মেডিক্যাল কলেজে ১৮টি কোর্স রয়েছে। আরো ১৩টি সংযোজন করা হবে। (২য় পৃষ্ঠায় ৭-এর কঃ দ্রঃ)

## পাঁচ মেডিক্যাল কলেজে

(প্রথম পৃষ্ঠার পর)

এ ছাড়া স্যার সলিমুল্লাহ্ মেডিক্যাল কলেজ, চট্টগ্রাম মেডিক্যাল কলেজ, ময়মনসিংহ মেডিক্যাল কলেজ ও রাজশাহী মেডিক্যাল কলেজে উপরোক্ত কোর্সগুলো চালু হবে। ফলে এখন থেকে উক্ত পাঁচটি মেডিক্যাল কলেজে বছরে ছয় শতাধিক নতুন চিকিৎসা বিশেষজ্ঞ তৈরী হবে।

অবশ্য বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য স্নাতকোত্তর মেডিক্যাল শিক্ষা প্রতিষ্ঠানের বাইরে এসব বিশেষজ্ঞ তৈরী হবে।

এজন্য ইতিমধ্যেই স্বাস্থ্য মন্ত্রণালয় প্রজ্ঞাপন জারি করেছে। জানুয়ারী থেকে এ কোর্স চালু হচ্ছে। ইতিমধ্যে বিভিন্ন সরকারী চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানে স্নাতকোত্তর কোর্সে ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ঢাকা মেডিক্যাল কলেজের অধ্যক্ষ অধ্যাপক তোফায়েল আহমদকে সভাপতি করে ১৬ সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে।

স্বাস্থ্য মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন অনুসারে পুরনো কোর্সসহ ঢাকা মেডিক্যালে ৩১টি পোস্ট গ্রাজুয়েট কোর্স, স্যার সলিমুল্লাহ্ মেডিক্যাল কলেজে নতুন ২২টি কোর্স, চট্টগ্রাম মেডিক্যাল কলেজে নতুন ২৫টি কোর্স, ময়মনসিংহ মেডিক্যাল কলেজে নতুন ২৬টি কোর্স ও রাজশাহী মেডিক্যাল কলেজে নতুন ১৬টি কোর্স চালু হচ্ছে।

স্বাস্থ্য মন্ত্রণালয় দেশের পাঁচটি মেডিক্যাল কলেজে পোস্ট গ্রাজুয়েট কোর্সে ভর্তির ক্ষেত্রে কিছু শর্ত দিয়েছে। শর্তগুলো হচ্ছে কোর্সসমূহের কারিকুলাম বিএমডিসি কর্তৃক স্বীকৃত হতে হবে, মেডিক্যাল কলেজগুলোকে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি গ্রহণ করতে হবে, সংশ্লিষ্ট বিভাগের অধ্যাপক/বিভাগীয় প্রধানের শূন্যপদে শিক্ষক পদায়ন নিশ্চিত করতে হবে এবং যে সকল কোর্স চালুর পূর্ব অনুমোদন রয়েছে সেগুলোর ক্ষেত্রে আসন সংখ্যা সম্প্রসারণ হিসেবে গণ্য হবে। প্রত্যেক স্নাতকোত্তর প্রতিষ্ঠানে একই দিনে একই সময়ে পৃথক ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। শুধু লিখিত পরীক্ষা হবে।

পাঁচটি মেডিক্যাল কলেজে নতুন পোস্ট গ্রাজুয়েট কোর্স চালুর উদ্যোগ চিকিৎসকদের মধ্যে ব্যাপক আশার সঞ্চার হয়েছে। তবে তারা বলছেন, স্বাস্থ্য মন্ত্রণালয়কে দেশের বিভিন্ন মেডিক্যাল কলেজে পোস্ট গ্রাজুয়েট কোর্স চালুর ক্ষেত্রে অবশ্যই পর্যাপ্ত অধ্যাপক ও বিশেষজ্ঞ চিকিৎসক নিয়োগ নিশ্চিত করতে হবে। নইলে মানসম্পন্ন বিশেষজ্ঞ তৈরী হবে না।

যে সব কোর্স চালু হচ্ছে সেগুলো হলো ঃ ঢাকা মেডিক্যাল কলেজে প্রস্তাবিত স্নাতকোত্তর বিষয়সমূহ এ্যানাটমি (এমফিল), ফিজিওলজি (এমফিল), বায়োকেমিস্ট্রি (এমফিল), প্যাথলজি (এমডি), মাইক্রোবায়োলজি (এমডি), কমমেড (এমপিএইচ), ইউরোলজি (এমএস), নিউরোসার্জারী (এমএস), শিশু (ডিসিএইচ), শিশু (এমডি), অর্থোপেডিক্স (এমডি)।

স্যার সলিমুল্লাহ্ মেডিক্যাল কলেজে প্রস্তাবিত স্নাতকোত্তর বিষয়সমূহ ঃ প্যাথলজি (এমডি), বায়োকেমিস্ট্রি (এমডি), ফার্মাকোলজি (এমফিল), কমমেড

চট্টগ্রাম মেডিক্যাল কলেজে প্রস্তাবিত স্নাতকোত্তর বিষয়সমূহ ঃ ইন্টারনাল মেডিসিন (এমডি), পেডিয়েট্রিক্স (এমডি), নিউরোলজি (এমডি), কার্ডিওলজি (এমডি), নেফ্রোলজি (এমডি), ট্রোপিক্যাল মেডিসিন (এমডি), চর্ম (এমডি), সার্জারী (এমএস), গাইনি (এমএস), অর্থো পেডিক্স (এমএস), অপথালমোলজি (এমএস), নিউরোসার্জারী (এমএস), এ্যানেসথেসিয়া (এমডি), ইউরোলজি (এমএস), শিশু সার্জারী (এমএস), এনাটমি (এমফিল), ফিজিওলজি (এমফিল), বায়োকেমিস্ট্রি (এমফিল), প্যাথলজি (এমফিল), মাইক্রোবায়োলজি (এমফিল), ফার্মাকোলজি (এমফিল), কার্ডিওলজি (ডিকার্ড), অর্থোপেডিক্স (ডিঅর্থো), ডার্মাটোলজি (ডিপ্লোমা), এমপিএইচ (এমপিএইচ)।

ময়মনসিংহ মেডিক্যাল কলেজে প্রস্তাবিত স্নাতকোত্তর বিষয়সমূহ ঃ এনাটমি (এমফিল), ফিজিওলজি (এমফিল), বায়োকেমিস্ট্রি (এমফিল), প্যাথলজি (ডিপ্লোমা), মাইক্রোবায়োলজি (ডিপ্লোমা), কমমেড (এমফিল), কমমেড (এমপিএইচ), মেডিসিন (এমডি), কার্ডিওলজি (ডিপ্লোমা), পেডিয়েট্রিক্স (এমডি), ইএনটি (ডিপ্লোমা), অর্থোপেডিক্স (ডিপ্লোমা), রেডিওলজি (এমফিল), গাইনি (ডিপ্লোমা), চক্ষু (এমএস), কার্ডিওলজি (ডিপ্লোমা), কার্ডিওলজি (এমডি), রেডিওলজি (এমফিল), রেডিওলজি (এমডি), নাক, কান, গলা (ডিপ্লোমা), চর্ম ও যৌন (ডিপ্লোমা), (ভাইরোলজি), মেডিসিন (এমডি), নিউরোলজি (এমডি), নেফ্রোলজি (এমডি), শিশু সার্জারী (এমএস), এ্যানেসথেসিয়া (ডিপ্লোমা)।

রাজশাহী মেডিক্যাল কলেজে প্রস্তাবিত স্নাতকোত্তর বিষয়সমূহ ঃ এনাটমি (এমফিল), ফিজিওলজি (এমফিল), প্যাথলজি (এমডি), প্যাথলজি (ডিসিপি), মাইক্রোবায়োলজি (এমডি), কমমেড (এমপিএইচ), ফার্মাকোলজি (এমফিল), পেডিয়াট্রিক্স (ডিসিএইচ), অর্থোপেডিক্স (ডিপ্লোমা), মেডিসিন (এমডি), সার্জারী (এমএস), গাইনি (ডিজিও), গাইনি (এমএস), রেডিওথেরাপি (ডিএমআরটি), নিউরো মেডিসিন (এমডি), এ্যানেসথেসিয়া (ডিপ্লোমা)।